*__প্রভাতী বাংলা সংবাদ, আকাশবাণী আগরতলা ২৫ শে জুলাই ২০১৭__*

**রাষ্ট্রপতি শপথ:**

দেশের নব-নির্বাচিত চতুর্দশতম রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ আজ শপথ নেবেন। সংসদের সেন্ট্রাল হলে ভারতের প্রধান বিচারপতি জে.এস. খেহর তাঁকে শপথবাক্য পাঠ করাবেন। এর আগে শ্রী কোবিন্দ রাজঘাটে গিয়ে জাতির জনক মহাত্মা গান্ধীর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন । তারপর বিদায়ী রাষ্ট্রপতি প্রণব মুখার্জি ও শ্রী কোবিন্দ জরুরি নথী ও নীতি নিয়ে আলোচনা করবেন ।

সংসদে তাঁদের দু`জনকেই উপরাষ্ট্রপতি হামিদ আনসারি, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও অধ্যক্ষ সুমিত্রা মহাজন স্বাগত জানাবেন । শপথ গ্রহনের পর নতুন রাষ্ট্রপতির সম্মানে ২১ বার তোপধ্বনি করা হবে । তারপর শ্রী কোবিন্দ বক্তব্য রাখবেন । তারপর শ্রী মুখার্জি ও শ্রী কোবিন্দ দু`জনেই রাষ্ট্রপতি ভবনে যাবেন । শ্রী মুখার্জি সেখানে রাষ্ট্রপতি ভবনটি শ্রী কোবিন্দকে ঘুরিয়ে দেখাবেন । তারপর রাষ্ট্রপতি ভবনে গার্ড-অফ-অনার জানানোর পর, শ্রী কোবিন্দ প্রণব মুখার্জিকে তাঁর - ১০, রাজপথ মার্গে নতুন ভবনে দিয়ে আসবেন ।

বিহারের ৩৫ তম রাজ্যপাল শ্রী কোবিন্দ, ১৯৪৫ সালের ১লা অক্টোবর উত্তরপ্রদেশের কানপুরে দেহাত জেলার পারাউখ গ্রামে জন্মগ্রহণ করেন । তিনি ১৯৯১ সালে BJP-তে যোগ দেন । তিনি ১৯৯৪ থেকে ২০০৬ পর্যন্ত রাজ্যসভার সদস্য ছিলেন ।

এই শপথগ্রহন অনুষ্ঠানে ত্রিপুরার রাজ্যপাল তথাগত রায় উপস্থিত থাকবেন। তিনি আগরতলায় রাজভবন সুত্রে পাওয়া খবরে জানা গেছে। মুখ্যমন্ত্রী মানিক সরকারকেও শপথ গ্রহন অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রন জানানো হয়েছে বলে সরকারী সুত্রে জানা গেছে। সি পি আই(এম) পলিটব্যুরো এবং কেন্দ্রীয়কমিটির বৈঠকে যোগ দিতে মুখমন্ত্রী বর্তমানে দিল্লিতেই রয়েছেন।

***********************

**প্রণব মুখার্জী:**

বিদায়ী রাষ্ট্রপতি প্রণব মুখার্জী গতকাল বলেছেন, বহুত্ব ও সহিষ্ণুতার মধ্যেই ভারতের আত্মা নিহিত। গতকাল আকাশবাণী ও দূরদর্শনে জাতির উদ্দেশ্যে ভাষণে শ্রী মুখার্জী একথা বলেন। তিনি রাষ্ট্রপতি হিসেবে তার ওপর বিশ্বাস ও আস্থা রাখার জন্য সমস্ত রাজনৈতিক দল সহ জনগনকে আন্তরিক কৃতজ্ঞতা জানান। তিনি রাজনাথ কোবিন্দকে স্বাগত

জানিয়ে তাঁর কর্মজীবনে সাফল্য কামনা করেন। তিনি আধুনিক রাষ্ট্র নির্মানে গনতন্ত্র ও জনগনের সমানাধিকারের ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি প্রত্যকের আর্থিক সমতার কথা উল্লেখ করে বলেন, দেশের দরিদ্রতম ব্যক্তিও যেন নিজেকে দেশের অংশ বলে মনে করেন।

***********************

**সুপ্রিম কোর্ট :**

সুপ্রিম কোর্টে বিচারপতিরা গতকাল বিদায়ী রাষ্ট্রপতিকে বিদায় সম্বর্ধনা জানান । প্রধান বিচারপতি জে. এস. খেহর ও অন্যান্য বিচারপতিরা গতকাল সুপ্রিম কোর্ট চত্বরে শ্রী মুখার্জির সঙ্গে মধ্যাহ্ন ভোজে মিলিত হন । এছাড়াও এটর্নি জেনারেল কে. কে. বেনুগোপাল এবং সলিসিটর জেনারেল রঞ্জিত কুমার অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।

************************

**GST :**

রাজ্য খাদ্য দপ্তরের ওজন ও পরিমাপ বিভাগ থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, GST চালুর পর যে সব

প্যাকেটজাত পন্যে কর পরিবর্তন হয়েছে, সে সব পন্যে পরিবর্তিত মূল্য স্ট্যাম্প, স্টিকার ইত্যাদির মাধ্যমে পরিষ্কারভাবে উল্লেখ করতে হবে । পণ্য উৎপাদক ও আমদানিকারকদের জন্য এই বিশেষ অনুমতি বহাল থাকবে আগামী ৩০শে সেপ্টেম্বর পর্যন্ত । তবে পূর্বে মুদ্রিত মূল্য এবং পরিবর্তিত মূল্যের ব্যবধান কোনো অবস্থাতেই বর্ধিত কর হারের থেকে বেশি হতে পারবে না বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

****************

**নতুন যোজনা :**

WORLD FOOD INDIA –২০১৭ এবং সরকারের নতুন প্রকল্প কিষান সম্পদ যোজনার প্রচার প্রসারের লক্ষ্যে ভারতীয় বনিক সভা অর্থ্যাৎ INDIAN CHEMBER OF COMMERCE –এর উদ্যোগে আজ আগরতলার প্রজ্ঞা ভবনে এক অনুষ্ঠান ও ROAD SHOW–এর আয়োজন করা হয়েছে । সকাল সাড়ে ১০ টায় এই ROAD SHOW উদ্বোধন হবে । অনুষ্ঠানে থাকার কথা রয়েছে, ভারত সরকারের খাদ্য প্রক্রিয়াকরন দপ্তরের আর্থিক উপদেষ্টা ড: বিজয় কুমার বেহেরা, রাজ্য সরকারের শিল্প ও বানিজ্য দপ্তরের প্রধান সচিব এম. নাগারাজু,

INDIAN CHEMBER OF COMMERCE –এর অতিরিক্ত অধিকর্তা শ্রীমতি মধুপর্না ভৌমিক সহ অন্যান্যদের ।

*******************

**ঘোষণা:**

আকাশবাণী আগরতলা কেন্দ্রের সংবাদ বিভাগের জন্য বাংলা ও ককবরক সংবাদ পাঠক/পাঠিকা এবং রিপোর্টার-এডিটর এর অস্থায়ী পদে যাঁরা আবেদন করেছিলেন, তাঁদের লিখিত পরীক্ষা নেওয়া হবে আগামী ৩০ জুলাই, রবিবার। ইতিমধ্যেই কল লেটার ডাক যোগে ছাড়া হয়েছে। যেসমস্ত আবেদনকারী ডাক যোগে কল লেটার পাননি তাঁরা আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগে বিকেল ৩-টে থেকে ৫-টার মধ্যে যোগাযোগ করতে পারেন।

চুক্তিবদ্ধ জেলা সংবাদদাতা (PTC) পদে ইন্টারভিউ-র তারিখ কিছুদিনের মধ্যে জানানো হবে।

**************************

**রতন ভৌমিক:**

রাজ্যের সর্বত্র বিশুদ্ধ পানীয় জল পৌঁছে দিতে সরকার নিরলসভাবে কাজ করে চলেছে। রাজ্যের সর্বত্রই স্বাস্থ্যকর শৌচব্যবস্থা গড়ে তুলতেও কাজ চলছে। বলেছেন রাজ্যের পানীয় জল ও স্বাস্থ্যবিধি দপ্তরের মন্ত্রী রতন ভৌমিক।

গতকাল বিকালে কুমারঘাটে পি.ডব্লিও.ডি'র কনফারেন্স হলে ঊনকোটি জেলাভিত্তিক দপ্তরের পর্যালোচনা সভায় তিনি ভাষণ দিচ্ছিলেন।

******************

**আধার সংযুক্ত :**

রাজ্য সরকারের খাদ্য দপ্তর থেকে এক বিজ্ঞপ্তিতে অনুরোধ জানানো হয়েছে, রেশনে ডাল ও ভোজ্য তেলের ত্রৈমাসিক ভর্তুকির টাকা, সরাসরি ব্যাঙ্ক একাউন্টে প্রদানের সুবিধার জন্য ভোক্তারা যেন তাদের আধার নম্বর ও মোবাইল ফোন নম্বর ব্যাঙ্ক একাউন্টে যুক্ত করিয়ে নেন । অনেক ভোক্তারই আধার নম্বর ব্যাঙ্ক একাউন্টে যুক্ত না থাকায়, এই সুবিধা প্রদানে সমস্যা তৈরী হচ্ছে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

************************

**মোহনপুর– বনমহোৎসব:**

মোহনপুর ব্লক ভিত্তিক বনমহোৎসব আগামী ২৮ জুলাই গোপালনগর টি এই এস বি স্কুল প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে। সম্প্রতি মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান গীতা দেবের সভাপতিত্বে আয়োজিত সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় অন্যান্যদের মধ্যে পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান রাকেশ আচার্য, পঞ্চায়েত সমিতির সদস্যগণ, ব্লকের BDO শুভব্রত ভট্টাচার্য প্রমুখ উপস্থিত ছিলেন।

**********************

**আবহাওয়া :**

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ ও রাজস্থান এলাকায় নিম্নচাপ রেগা ও ঘূর্ণাবর্তের কারণে রাজ্যেও বৃষ্টি হচ্ছে । গতকাল প্রায় সারা রাত আগরতলা ও তার আশেপাশে থেমে থেমে বৃষ্টি হয়েছে। আবহাওয়া দপ্তর থেকে জানানো হয়েছে, বৃষ্টির পরিমান ছিল ২৬.১ মিলিমিটার । বৃষ্টির জন্য তাপমাত্রাতেও কিছুটা হেরফের হয়েছে । আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪.৫ ডিগ্রী সেলসিয়াস । আজও আকাশ থাকবে আংশিক থেকে প্রধানত মেঘলা । বজ্র সহ বিক্ষিপ্তভাবে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে ।

**********************

***********************